## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৩২/২০১৮-১৯**

**ঢাকা, সোমবার ১৩ আগস্ট ২০১৮, ২৯ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ডিজিটাল বাংলাদেশ অপপ্রচারের জন্য নয়
বিমানবন্দর সড়কে আন্ডারপাসের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে প্রধানমন্ত্রী

২। জ্ঞানভিত্তিক সামরিক-অসামরিক নেতৃত্ব তৈরি এবং জাতীয় সম্পদের সর্বোচ্চ ব্যবহার করতে হবে
এনডিসি-ডিএসসিএসসি'র যৌথসভায় প্রধানমন্ত্রী

৩। দারিদ্র্যমুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠার প্রশ্নে বঙ্গবন্ধু ছিলেন অবিচল : স্পিকার

৪। পবিত্র ঈদুল আজহা ২২ আগস্ট

৫। চীনে ৯৭ শতাংশ পণ্যে শুল্কমুক্ত সুবিধা পাওয়া যাবে : বাণিজ্যমন্ত্রী

৬। মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী শক্তি, সন্ত্রাসী ও জঙ্গিবাদের দোসরদের প্রত্যাখ্যান করতে হবে
খুলনায় তথ্যমন্ত্রী

৭। জাতীয় গ্রন্থকেন্দ্রকে কবি-সাহিত্যিকদের মিলনকেন্দ্রে পরিণত করতে হবে : সংস্কৃতিমন্ত্রী

৮। জাইকা'র অর্থায়নে ইন্টেলিজেন্ট ট্রাফিক সিস্টেম চালু হচ্ছে রাজধানীতে : ডিএসসিসি'র মেয়র

৯। মানবসম্পদের উন্নতি হলে দেশ এগিয়ে যাবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১০। সরকারি হলো ২৭১ কলেজ : শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন

১১। বিশ্ব ডাউন সিনড্রোম দিবস অ্যাওয়ার্ড পেলেন বাংলাদেশের সরদার এ রাজ্জাক

চলমান পাতা-২

১। **ডিজিটাল বাংলাদেশ অপপ্রচারের জন্য নয়**
**বিমানবন্দর সড়কে আন্ডারপাসের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ডিজিটাল বাংলাদেশ গড়েছি মিথ্যা অপপ্রচার ও গুজবের জন্য নয়। প্রযুক্তি ব্যবহার করে গুজব ছড়ানো কখনও সহ্য করা যায় না। কাজেই সবাইকে বলবো কেউ গুজবে কান দেবেন না। এগুলো থেকে বিরত থাকতে হবে। গতকাল (১২ আগস্ট রোববার) ঢাকার শহিদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজসংলগ্ন বিমানবন্দর সড়কে পথচারী আন্ডারপাস প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক (**পৃ.১.,ক.৫**), সমকাল** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

২। **জ্ঞানভিত্তিক সামরিক-অসামরিক নেতৃত্ব তৈরি এবং জাতীয় সম্পদের সর্বোচ্চ ব্যবহার করতে হবে**
**এনডিসি-ডিএসসিএসসি'র যৌথসভায় প্রধানমন্ত্রী**

ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি) এবং সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ (ডিএসসিএসসি) পরিচালনাপর্ষদের ১৬তম যৌথসভা গতকাল (১২ আগস্ট রোববার) ঢাকা সেনানিবাসে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সশস্ত্রবাহিনী বিভাগে অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এনডিসি ও ডিএসসিএসসি'র পরিচালনাপর্ষদের সভাপতি হিসেবে যৌথসভায় সভাপতিত্ব করেন। প্রধানমন্ত্রী প্রতিষ্ঠান দু'টির কর্তৃপক্ষকে দেশের নিরাপত্তা ও উন্নয়নের সঙ্গে সঙ্গতি রেখে সময়োপযোগী প্রশিক্ষণ প্রদানের জন্য সন্তোষ প্রকাশ করেন এবং এ ধারাকে অব্যাহত রাখার পরামর্শ দেন। তিনি জ্ঞানভিত্তিক সামরিক-অসামরিক নেতৃত্ব তৈরি এবং জাতীয় সম্পদের সর্বোচ্চ ব্যবহারের নির্দেশনা প্রদান করেন। প্রধানমন্ত্রী বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রণীত নীতিমালার আলোকে আমরা 'আর্মড ফোর্সেস গোল-২০৩০' প্রণয়ন করে সশস্ত্রবাহিনীর উন্নয়ন ও আধুনিকায়নের ধারাবাহিকতা অব্যাহত রেখেছি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

৩। **দারিদ্র্যমুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠার প্রশ্নে বঙ্গবন্ধু ছিলেন অবিচল : স্পিকার**

বাঙালি জাতির অধিকার প্রতিষ্ঠায় হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজীবন লড়াই সংগ্রাম করে গেছেন। তিনি ছিলেন আপোষহীন। অন্যায়ের কাছে কখনই মাথা নত করেননি। বাঙালির অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে তথা শোষণ, বৈষম্য ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠার প্রশ্নে বঙ্গবন্ধু ছিলেন অবিচল। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গতকাল (১২ আগস্ট রোববার) রংপুরের পীরগঞ্জ উপজেলা পরিষদ অডিটোরিয়াম হলরুমে বাংলাদেশ আওয়ামী লীগ পীরগঞ্জ উপজেলা শাখা আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনাসভায় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.১)।

৪। **পবিত্র ঈদুল আজহা ২২ আগস্ট**

বাংলাদেশের আকাশে পবিত্র জিলহজ মাসের চাঁদ দেখা গেছে। আজ (১৩ আগস্ট সোমবার) থেকে শুরু হচ্ছে হজের মাস। এ হিসেবে আগামী ২২ আগস্ট বুধবার ঈদুল আজহা উদ্‌যাপিত হবে। গতকাল (১২ আগস্ট রোববার) জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এসব সিদ্ধান্ত জানানো হয়। বায়তুল মোকাররম জাতীয় মসজিদে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে সভায় সভাপতিত্ব করেন ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৫। **চীনে ৯৭ শতাংশ পণ্যে শুল্কমুক্ত সুবিধা পাওয়া যাবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, ডব্লিউটিও'র সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ চীনের কাছে লেটার অভ্ এক্সচেঞ্জ পাঠিয়েছে। এ বিষয়ে দেশটির সম্মতি পাওয়া গেলে ৯৭ শতাংশ রফতানি পণ্যে শুল্কমুক্ত

বাণিজ্যসুবিধা পাওয়া যাবে। বাণিজ্যমন্ত্রী গতকাল (১২ আগস্ট রোববার) সচিবালয়ে মন্ত্রণালয়ে চীনের রাষ্ট্রদূত ঝাং জু এর সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের এসব কথা বলেন। তিনি জানান, এ মুহূর্তে বাংলাদেশ এশিয়া প্যাসিফিক ট্রেড এগ্রিমেন্টের (আপটা) আওতায় চীনের কাছ থেকে ৫ হাজার ৭৪টি পণ্য রফতানিতে শুল্কমুক্ত সুবিধা পাচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.১৭,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**৬। মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী শক্তি, সন্ত্রাসী ও জঙ্গিবাদের দোসরদের প্রত্যাখ্যান করতে হবে খুলনায় তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বঙ্গবন্ধু আর বাংলাদেশ হলো মুদ্রার এপিঠ-ওপিঠ। বঙ্গবন্ধু একটি পতাকা, তিনি একটি দেশ, তিনি একটি রাষ্ট্র, তিনি একটি বিপ্লব, তিনি একটি অভ্যুত্থান। তথ্যমন্ত্রী গতকাল (১২ আগস্ট রোববার) খুলনা বেতারকেন্দ্রে নির্মিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিভাস্কর্যের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। মন্ত্রী আরো বলেন, বাংলাদেশ রাষ্ট্রকে নিরাপদ রাখতে হলে মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী শক্তি, সন্ত্রাসী ও জঙ্গিবাদের দোসরদের প্রত্যাখ্যান করতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

**৭। জাতীয় গ্রন্থকেন্দ্রকে কবি-সাহিত্যিকদের মিলনকেন্দ্রে পরিণত করতে হবে : সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, জাতীয় গ্রন্থকেন্দ্র এক সময় ছিল বরেণ্য কবি-সাহিত্যিকদের মিলনকেন্দ্র। নানা আলোচনাসভা ও অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে এটিকে পুনরায় কবি-সাহিত্যিকদের মিলনকেন্দ্রে পরিণত করতে হবে। বিভিন্ন জাতীয় দিবস, যেমন-স্বাধীনতা দিবস, বিজয় দিবস, শহিদ দিবস, বঙ্গবন্ধুর জন্মদিন এবং গ্রন্থসংক্রান্ত বিভিন্ন জাতীয় গুরুত্বপূর্ণ দিবসে জাতীয় গ্রন্থকেন্দ্রে বিভিন্ন অনুষ্ঠান ও আলোচনাসভার আয়োজন করতে হবে। গতকাল (১২ আগস্ট রোববার) জাতীয় শোকদিবস উপলক্ষে রাজধানীর গুলিস্তানে জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে 'উন্নয়নের বিস্ময় : বঙ্গবন্ধুর বাংলাদেশ' শীর্ষক সেমিনারে সংস্কৃতিমন্ত্রী এসব কথা বলেন। **সূত্র-ইত্তেফাক** (পৃ.১৩.,ক.১)।

**৮। জাইকা'র অর্থায়নে ইন্টেলিজেন্ট ট্রাফিক সিস্টেম চালু হচ্ছে রাজধানীতে : ডিএসসিসি'র মেয়র**

রাজধানীতে ইন্টেলিজেন্ট ট্রাফিক সিস্টেম চালু করা হচ্ছে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি'র) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। তিনি বলেন, নগরীতে ট্রাফিকব্যবস্থা অনেক আগে থেকেই নাজুক। এ অবস্থা থেকে মুক্তি প্রয়োজন। এ জন্য আমরা জাইকা'র অর্থায়নে ইন্টেলিজেন্ট ট্রাফিক সিস্টেম চালুর উদ্যোগ নিয়েছি। গতকাল (১২ আগস্ট রোববার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে ডিএসসিসি'র নির্মল বায়ু ও টেকসই উন্নয়নপ্রকল্প আয়োজিত 'ক্লিন অ্যান্ড সেইফ মোবিলিটি' শীর্ষক মাসব্যাপী এক অনুষ্ঠানের উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। মেয়র বলেন, প্রকল্পের আওতায় মহানগরীর গুলিস্তান (ফুলবাড়িয়া), পল্টন, মহাখালী ও গুলশান-১ এ চারটি ইন্টারসেকশন নির্মাণ করা হবে। এতে ভেহিকুলার ইমেজ ডিটেক্টর ভিডিও ক্যামেরা স্থাপনের মাধ্যমে চলমান গাড়ির সংখ্যা কেন্দ্রীয়ভাবে মনিটরিং করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৯। মানবসম্পদের উন্নতি হলে দেশ এগিয়ে যাবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, মানবসম্পদের উন্নতি হলে দেশ এগিয়ে যাবে। নারী-পুরুষ উভয়ই মানবসম্পদ। বাল্যবিয়ে বন্ধ ও দেশের উন্নয়নের লক্ষ্যে সঠিক জন্মনিবন্ধন বাধ্যতামূলক। জন্ম-মৃত্যু নিবন্ধনে গাজীপুরের কালীগঞ্জ উপজেলা মডেল উপজেলার উপাধি পেয়েছে। নারীদের আত্মনির্ভরশীল, কর্মক্ষম হিসেবে গড়ে তুলতে বিভিন্ন কারিগরি শিক্ষার ব্যবস্থা করেছে সরকার। কিছুদিনের মধ্যে কালীগঞ্জে ছয়তলাবিশিষ্ট নারীদের আবাসিক প্রশিক্ষণকেন্দ্রের কার্যক্রম চালু হবে। গতকাল (১২ আগস্ট রোববার) কালীগঞ্জ উপজেলা শহিদ ময়েজউদ্দিন মুক্তমঞ্চে ৪৫ দিনের মধ্যে জন্ম-মৃত্যু নিবন্ধনসম্পর্কিত উদ্বুদ্ধকরণ সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

**১০। সরকারি হলো ২৭১ কলেজ : শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন**

সরকারি হলো সারাদেশের আরও ২৭১টি কলেজ। গতকাল (১২ আগস্ট রোববার) শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করে। প্রজ্ঞাপনে বলা হয়, সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮ এর আলোকে ২৭১টি কলেজ ৮ আগস্ট ২০১৮ তারিখ থেকে সরকারি করা হলো। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**১১। বিশ্ব ডাউন সিনড্রোম দিবস অ্যাওয়ার্ড পেলেন বাংলাদেশের সরদার এ রাজ্জাক**

জেনেটিক প্রতিবন্ধী (জেনেটিক ডিজঅর্ডার) সম্পর্কে সচেতনতা সৃষ্টিতে বিশেষ অবদান রাখায় 'বিশ্ব ডাউন সিনড্রোম দিবস অ্যাওয়ার্ড' পেয়েছেন 'ডাউন সিনড্রোম সোসাইটি অভ্ বাংলাদেশ' এর চেয়ারম্যান সরদার এ রাজ্জাক। গতকাল (১২ আগস্ট রোববার) ঢাকায় প্রাপ্ত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, সম্প্রতি স্কটল্যান্ডের গ্লাসগোতে অনুষ্ঠিত ১৩তম বিশ্ব ডাউন সিনড্রোম কংগ্রেসে এক অনুষ্ঠানে ডাউন সিনড্রোম ইন্টারন্যাশনাল, ইউকে'র পক্ষে সংগঠনের সভাপতি ভেনেসা ডস সান্তোষের হাত থেকে সরদার রাজ্জাক এ পুরস্কার গ্রহণ করেন। ডাউন সিনড্রোম বিষয়ে সচেতনতা সৃষ্টিতে অবদান রাখায় তিনি এ পুরস্কার পান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

### সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশে সমুদ্র হতে আহরিত মাছের ৮৭ শতাংশ সনাতন পদ্ধতিতে ধরার কারণে জেলেদের জীবন ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে উল্লেখ করে তাদের জীবনের নিরাপত্তার স্বার্থে জীবনরক্ষাকারী সরঞ্জাম সরবরাহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

খ. **যুগান্তর :** দেশে ৪৭ শতাংশ মেয়ের বাল্যবিয়ে হওয়ার খবর উদ্বেগজনক উল্লেখ করে এর বিরুদ্ধে সচেতনতা সৃষ্টির আহ্বান।

গ. **সংবাদ, ইত্তেফাক :** দেশের ৯০ শতাংশ মানুষ ট্রাফিক আইন মানেনা ডিএমপি কমিশনারের এ বক্তব্যের কথা উল্লেখ করে শৃঙ্খলাবদ্ধ ট্রাফিকব্যবস্থা গড়ে তুলতে ট্রাফিক আইন মানতে সবাইকে বাধ্য করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **বণিক বার্তা :** আসন্ন ঈদযাত্রায় ভোগান্তি কমাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তরফ থেকে সড়ক, রেল ও নৌপথের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে উল্লেখ করে এসব পরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ডেইলি সান :** নতুন বছরে শিক্ষার্থীরা যাতে মুদ্রণ ত্রুটিমুক্ত পাঠ্যবই যথাসময়ে পায় সে ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে স্থাপিত ৩৫টি মাল্টিমিডিয়া ক্লাসরুমের যথাযথ ব্যবহারের জন্য সংশ্লিষ্ট শিক্ষকদের যথাযথ প্রশিক্ষণ, পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহসহ প্রতিষ্ঠানের পর্যাপ্ত অবকাঠামোগত সুযোগসুবিধা নিশ্চিতকরণের ওপর গুরুত্বারোপ।

### উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সড়ক দুর্ঘটনা কমাতে বিভিন্ন অব্যবস্থার রাশ টেনে ধরার পাশাপাশি পথচারী ও যাত্রীদের সচেতনতা বাড়াতে হবে।

### নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বঙ্গবন্ধু ও বাংলাদেশ একই সূত্রে গাঁথা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের তরুণ প্রজন্মসহ সব শ্রেণিপেশার মানুষকে যে যার অবস্থান থেকে দেশের অগ্রযাত্রায় কাজ করতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা